Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা।

নগদ মূল্য ৵০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।


হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
পণ্ডিত-প্রেসে পাইবেন।

অরবিন্দ এণ্ড কোং
মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।



৪০শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ— ৩০শে ভাদ্র বুধবার ১৩৬০ ইংরাজী 16th Sept, 1953 { ১৮শ সংখ্যা






ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. SERVICE

## সাফল্য ও সমৃদ্ধির পথে

বৃহত্তর ক্ষেত্রে জনসেবার যে গৌরব ও জনগণের যে অকুণ্ঠ আস্থার উপর ভিত্তি করিয়া হিন্দুস্থান উত্তরোত্তর সমৃদ্ধির পথে অগ্রসর হইতেছে এবং যে সঙ্গতি, সততা ও প্রতিষ্ঠা হিন্দুস্থানের পূর্ব্বাপর বৈশিষ্ট্য, তাহার সুস্পষ্ট পরিচয় পাওয়া যায় ইহার ১৯৫২ সালের ৪৬তম বার্ষিক কার্য্য-বিবরণীতে।

নূতন বীমা
১৬,৩৮,৭৯,২৯৮৲

| | |
|---|---|
| মোট চল্তি বীমা | ৮৬,৭১,৮৫,০৪০৲ |
| মোট সম্পত্তি | ২২,৪৯,৮৩,০৫৬৲ |
| বীমা ও বিবিধ তহবিল | ১৯,৭৭,৭৬,২৮৭৲ |
| প্রিমিয়ামের আয় | ৩,৯৪,২২,৩৭১৲ |
| দাবী শোধ (১৯৫২) | ৮৮,৮২,২৭১৲ |

হিন্দুস্থানের বীমাপত্র নিরাপদ সারবান ও লাভজনক।

হিন্দুস্থান কো-অপারেটিভ
ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস
৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা—১৩

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৩০শে ভাদ্র বুধবার সন ১৩৬০ সাল

# আই.সি.এস. (I.C.S.) মানে কি?

কথাটা ইংরাজী তাহাতে কোন সন্দেহ না থাকিলেও আমরা যে ইংরাজী শিখিয়াছি, সত্য কথা বলিতে কি, সে শিক্ষা শিক্ষাই নয়। যাঁহারা ইংরাজী জানেন না, তাঁদের কাছে ইংরাজী ছিটে ফোটা 'বুকনি' দিয়ে প্রমাণ করি আমরা ইংরাজী জানি। ইংরাজী শিখিতে গিয়া ইংরাজী তো শিখিতে পারি নাই, বাংলাও ভুলিয়া গিয়াছি। লজ্জিত হই তখনি, যখন মায়ের সঙ্গে কথা বলিতে গিয়া বাংলা শব্দ যোগায় না, ইংরাজী বলে ফেলি, আর ইংরাজের সঙ্গে ইংরাজী বলিতে গিয়া বলিতে পারি না, তাদের ইংরাজী সব বুঝিতে না পারিয়া "বেগ ইওর পার্ডন্, বেগ ইওর পার্ডন্" বলিয়া যা তা করিয়া বসি। কিছুদিন হইতে "আই. সি. এস্." মানে "ডিক্সনারী" দেখে দেখে এর বাংলা মানে বুঝেছিলাম—"ভারতের রাজকীয় বিচারাদি সংক্রান্ত বৈতনিক চাকুরী"। আই (I)—ইণ্ডিয়ান, সি (C)—সিভিল, এস্ (S)—সার্ভিস্। সম্প্রতি "সিদ্ধান্ত অপেক্ষা দৃষ্টান্ত বড়" এই বাক্যের জলন্ত প্রমাণ পাইয়া আবার ধাঁধায় পড়িতে বাধ্য হইয়াছি। দশাটা হইয়াছে এক বৈয়াকরণিক ব্রাহ্মণ পণ্ডিতের মত।

পণ্ডিত মহাশয় প্রত্যেক শব্দের ধাতুর অর্থ করিয়া তাহা বুঝিতেন এবং বুঝাইতেন। একদিন এক বনের পাশ দিয়া যজমান বাড়ী যাইতেছেন। এক কৃষক তাঁহাকে সাবধান করিয়া দিয়া বলিল—"ঠাকুর মশায়, ও পথে যাবেন না, বাঘ আছে। সরলপ্রাণ বৈয়াকরণিক মনে মনে আলোচনা করিয়া ভাবিলেন—বাঘ অর্থাৎ 'ব্যাঘ্র' শব্দ 'ঘ্রা' ধাতু হইতে নিষ্পন্ন, (বি+আ+ঘ্রা+ড) ঘ্রা ধাতুর অর্থ আঘ্রাণ লওয়া। সুতরাং ব্যাঘ্র তাঁহার আঘ্রাণ লইবে, তা ছাড়া তাহার আর করণীয় কিছু নাই। বেশ যত পারে আঘ্রাণ লউক, তাতে ক্ষতি নাই। কৃষকের কথায় কোনরূপ ভীতির কারণ নাই, বুঝিয়া বনের ধার দিয়া ব্রাহ্মণ চলিতে লাগিলেন। ব্যাঘ্র তাঁহাকে আক্রমণ করিয়া যখন কামড় দিতে লাগিল, তখনও বৈয়াকরণিক পণ্ডিত মহাশয় ব্যাকরণের বচন ছাড়েন নাই। কৃষক ব্রাহ্মণের এবম্বিধ বিপদ দেখিয়া স্বজনগণকে ডাকিয়া তাঁহাকে ব্যাঘ্রের কবল হইতে উদ্ধার করার পরও ব্রাহ্মণ ব্যাকরণের এক বচন আবৃত্তি করিয়া সবকে শুনাইলেন—ব্যাঘ্রের অন্যায় হয় নাই, আমারই ভুল হইয়াছিল—"ধাতুনামনেকার্থত্বাৎ ঘ্রা ধাতু খাদনেঽপি চ।" অর্থাৎ ধাতুর অনেক অর্থ হয়, এই জন্য 'ঘ্রা' ধাতু 'খাদন' অর্থেও ব্যবহৃত হয়।

আমরা ভুল করেছি কি বল্‌ছি—পরাধীন ভারতে একজন "আই. সি. এস্." কর্ম্মচারী প্রায় সত্তর, বাহাত্তর লক্ষ টাকা ঘুস্ বা অন্য বে-আইনী উপায়ে গলাধঃকরণ করার অপরাধে অভিযুক্ত হইয়া এতদিনও বিচারাধীন আসামী হইয়া ট্রাইবিউনালের বিচারে ৫ বৎসর সশ্রম কারাদণ্ড ও ৪৫০০০০০৲ পঁয়তাল্লিশ লক্ষ টাকা অর্থ দণ্ডে দণ্ডিত হইয়া কলিকাতা হাইকোর্টে আপীল করিয়াছিলেন। আজ কয়েক দিন হইল হাইকোর্টের বিচারের রায় বাহির হইয়াছে। ট্রাইবুনাল যে সকল ধারায় তাঁহাকে অপরাধী করিয়াছিলেন তাহার অনেক ধারায় তাঁহাকে অব্যাহতি দিয়াও ট্রাইবুনালের রায় বাহাল রাখিয়াছেন। ৪৫০০০০০৲ পঁয়তাল্লিশ লক্ষ টাকা না দিলে আরও এক বৎসর শ্রীঘর বাসের আদেশও বাহাল আছে।

আমরা যে "আই. সি. এস্." মানে জানিতাম "ইণ্ডিয়ান সিভিল সার্ভিস্" সেটা 'ঘ্রা' ধাতুর 'খাদন' অর্থের মত "ইণ্ডিয়ান ক্রিমিন্যাল সার্ভিস্"ও হইতে পারে ইহা তাহার একটি জলন্ত দৃষ্টান্ত। এইখানে আমরা আর একটি সত্য ঘটনার গল্প বলিতেছি শ্রবণ করুন।

একজন রস-কৌতুককারী ভাঁড় এক আই, সি, এস্ ম্যাজিষ্ট্রেটের বিদায় অভিনন্দন সভায় হাস্যরসের অভিনয় সময়ে ইংরাজীতে বলিয়া ফেলিলেন—"আই, সি, এস্ ইজ্ মোর্ পাওয়ারফুল্ থ্যান্ দি কিং" কথাটা বলা মাত্র সাহেবের মুখখানি লাল হইয়া উঠিল। তখন ইংরাজ রাজার অধীন ভারত। সিভিলিয়ানদের উপর দোষারোপ করিয়া লোকে বলিত—আই, সি, এস্ দিগের হাতেই দেশের ভাল মন্দ নির্ভর করিতেছে। ওরা যা করে তাই হয় ?। সাহেব তাঁর পার্শ্ববর্ত্তী বাঙালী পুলিশ সাহেবকে বলিলেন ইনি একথা কেন বলিলেন—আই, সি, এস্ ইজ্ মোর্ পাওয়ারফুল্ থ্যান্ দি কিং! পুলিশ সাহেব যিনি ভাঁড়ামি করিতেছিলেন তাঁহাকে প্রশ্ন করিলেন—এ কথা বলার কারণ কি? ম্যাজিষ্ট্রেট সাহেবকে বুঝিয়ে বলুন এ কথার মানে কি? ভাঁড় জবাব দিলেন ইংরাজীতে, আমরা তাহা পাঠকগণের সকলের বুঝিবার জন্য ইংরাজী বাঙলা দুই ভাষায় লিখিয়া দিলাম—

ভাঁড়—ফোর্ জেণ্টল্‌মেন্ ওয়্যার্ প্লেইং কার্ডস্, দেয়ার আই. (I) সি (See) এস্ (Ace) ইজ্ মোর্ পাওয়ারফুল্ থ্যান এ কিং"

ম্যাজিষ্ট্রেট সাহেব তখন প্রাণ খুলিয়া হাসিয়া ভাঁড়কে বলিলেন—আপনি এগুলি ছাপিয়া দিবেন।

বুঝাইয়া বলি—তাসের টেক্কাকে এস্ (Ace) আর সাহেবকে কিং (King) বলে। সাহেব চেয়ে টেক্কার সম্মান বেশী কাজেই I. C. S. কথাটাকে কায়দা করিয়া I see ace বলিয়া প্রথমে বিষাদ ও পরে হর্ষের উদ্রেক করা হইয়াছে।

ইংরেজ আমলের অপরাধীর বিচার আরম্ভ হইয়া এত দিনে সাধারণের টাকা বে-আইনীভাবে আত্মসাৎ করার দণ্ড হইল স্বাধীন ভারতের হাই-কোর্টে। স্বাধীন আমলে যে কোটি কোটি টাকা কত চোর আত্মসাৎ করিয়া ভারতের দুর্গতি বৃদ্ধির সহায়তা করিল—কত রক্ষকবেশী ভক্ষক মোটা মোটা টাকা গিলিয়া হাঙ্গর-বৃত্তি অবাধে চালাইয়া যাইতে লাগিল, ইহাদের বিচার কে কবে করিবে? রাষ্ট্রভাষায় বলা যায়—

সাচ্ কহে তো মারে লাঠ্‌ঠা
ঝুটি জগৎ ভুলায়—
গো-রস গলি গলি ফিরে,
সুরা বৈঠল্ বিকায়।

চোরকো ছোড়ে সাধকো বাঁধে,
পথিক কো লাগায় ফাঁসী—
ধন্য কলি যুগ তেরী তামাসা
দুখ লাগে ঔর হাঁসি।

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

## নিলামের দিন ১৬ই নভেম্বর ১৯৫৩

১৯৫৩ সালের ডিক্রীজারী

৩১৩ থাং ডিঃ ধীরেন্দ্রনাথ চৌধুরী দেং সরোজ মোহন মজুমদার দিং দাবি ৬৩৮/৩ থানা স্থতী মৌজে জগতাই ৮।২।০ বিঘার কাত ৮।৪ আঃ ৪০৲ থং ৩৪৬ মায় অধীনস্থ থং ৩৪৭—৩৪৯

৩১৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪৫।৵৬ মৌজাদি ঐ ৮/৪॥ বিঘার কাত ৬৵১০ আঃ ৩৫৲ থং ৩৪৪ মায় অধীনস্থ থং ৩৪৫

২৫৫ থাং ডিঃ রাধাকান্ত চক্রবর্ত্তী দেং ভোলানাথ সাহা দিং দাবি ১৫৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে জঙ্গিপুর ৮ শতকের কাত ১॥/০ আঃ ৫৲ থং ৫৩৪ কোর্ফা দখলিস্বত্ববিশিষ্ট দেশাচার অনুসারে।

২৫৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১১।৩ মৌজাদি ঐ ৮ শতকের কাত ১৲ আঃ ৩৲ থং ৫৩৫ রায়ত স্থিতিবান।

২৫৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৯৮৶৯ মৌজাদি ঐ ৫ শতকের কাত ॥৵০ আঃ ২৲ থং ৫৩৭ ঐ স্বত্ব

২৫৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১১॥/৯ মৌজাদি ঐ ২ শতকের কাত ॥৵০ আঃ ২৲ থং ৫৩৬ কোর্ফা দখলিস্বত্ববিশিষ্ট দেশাচার অনুসারে।

৪৭ থাং ডিঃ ভুজঙ্গভূষণ দাস দিং দেং আদালত সেথ মৃতান্তে ওয়ারিশ স্ত্রী জিয়তি বেওয়া দিং দাবি ১৯।/৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে খড়কাটী ২-২৬ শতকের কাত ৭॥৶১০ মধ্যে ডিক্রীদারের অংশে ১।১১॥ আঃ ১৭০৲ থং ১৭৪ রায়ত স্থিতিবান।

৩৯০ থাং ডিঃ ঐ দেং শ্রীবাসচন্দ্র সিংহ দিং দাবি ৩৪॥৩ থানা ঐ মৌজে সাহাজাদপুর ১-২৭ শতকের কাত ৩৶৯ পাই আঃ ১০৲ থং ৭৫ রায়ত স্থিতিবান।

৩৯২ থাং ডিঃ ঐ দেং শ্যামাপদ রায় দিং দাবি ১৫৯।/৩ মৌজাদি ঐ ৯-৯২ শতকের কাত ২৬।৩ পাই আঃ ৪০৲ থং ২২৩ অধীনস্থ থং ২২৪, ২২৫, ২২৬

৩৯৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৮॥/৩ মৌজাদি ঐ ৯৩ শতকের কাত ১॥/৮ পাই আঃ ১০৲ থং ১০৬ রায়ত স্থিতিবান।

৩৯১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৪৮/৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে দোলনিয়া ১৮-১ শতকের কাত ৪।২ পাই আঃ ১০৲ থং ১৬২ রায়ত স্থিতিবান।

৩৭৫ থাং ডিঃ অশ্বিনীকুমার বাগচী দিং দেং কমলাকান্ত সিংহ দিং দাবি ১৭৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে বসন্তপুর হাল সেটেলমেন্টের মৌজা কাঞ্চনপুর ১-৩৫ শতকের কাত ৮৲ ডিক্রীদারের অংশে ১৲ আঃ ৫৲ থং ৩১২ রায়ত স্থিতিবান।

২৩৯ থাং ডিঃ গোবিন্দদাস নাথ দেং সুশীলা-সুন্দরী দেবী দিং দাবি ৫৩৮/৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে গনকর ২৬৬ শতকের কাত ২৮৶২ আঃ ১০৲

২৭০ থাং ডিঃ অর্দ্ধেন্দুশেখর নাথ দিং দেং সারদা সুন্দরী বর্ম্মণ্যা দিং দাবি ১২॥৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাঘা ১৭ শতকের কাত ॥০ আনা আঃ ৫৲ থং ১৯২

১৪৮ থাং ডিঃ সেঃ গোবিন্দদাস নাথ দেং সুশীলা সুন্দরী দেবী দিং দাবি ১১৫৮/৬ থানা কান্দি মৌজে গনকর, রামচন্দ্রবাটী ও বৃন্দাবনপুর ৫-২২ শতকের কাত ১৩৮৶৯ আঃ ৫০৲ থং ২২০, ৩১১, ৪৬

৩৩৮ থাং ডিঃ সেবাইত ও স্বয়ং মণিমোহন চৌধুরী দেং ননীগোপাল দাস দিং দাবি ১৩৵০ থানা স্থতী মৌজে বাগডাঙ্গা ৩ শতকের কাত ॥/৩ আঃ ৫৲ থং ৯৩ রায়ত স্থিতিবান।

৩৩৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৭৮৵৩ মৌজাদি ঐ ২২ শতকের কাত ১॥০ আঃ ৫৲ থং ১০২ রায়ত স্থিতিবান।

৩৪০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২১৵৩ মৌজাদি ঐ ৩৫ শতকের কাত ২/০ আঃ ১০৲ থং ৯৬ রায়ত স্থিতিবান।

৩৪১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৭৮৵৩ মৌজাদি ঐ ১-১৫ শতকের কাত ৩৶১৮ আঃ ১৫৲ থং ১০১ রায়ত স্থিতিবান।

৩৪২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৩॥৵০ মৌজাদি ঐ ৮ শতকের কাত ॥৵১৫ আঃ ৫৲ থং ১৬৫ রায়ত স্থিতিবান।

৩৪৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১১॥/০ মৌজাদি ঐ ৫ শতকের কাত ।০ আঃ ৫৲ থং ৫০ রায়ত স্থিতিবান।

৩৪৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৭।/৬ মৌজাদি ঐ ৫৫ শতকের কাত ১/৮ আঃ ১০৲ থং ৪৯ রায়ত স্থিতিবান।

৩৪৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৫/৩ মৌজাদি ঐ ১-৬৭ শতকের কাত ৪॥৵৫ আঃ ২০৲ থং ১০৩ রায়ত স্থিতিবান।

৩৫৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৮৮৶৯ মৌজাদি ঐ ১-৬৭ শতকের কাত ৫।৵২॥ আঃ ২০৲ থং ৯৭ অধীনস্থ থং ৯৮ রায়ত স্থিতিবান।

৩৪৬ থাং ডিঃ ঐ দেং কালাচাঁদ ঘোষ দাবি ১৬৮/ মৌজাদি ঐ ১১ শতকের কাত ১।১৬।০ আঃ ৫৲ থং ১৩৩ রায়ত স্থিতিবান।

৩৪৭ থাং ডিঃ ঐ দেং নরেন্দ্রনাথ চৌধুরী দাবি ১৬৵৩ মৌজাদি ঐ ১০ শতকের কাত ১৵০ আঃ ৫৲ থং ১১৭ রায়ত স্থিতিবান।

৩৪৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২১৵৯ মৌজাদি ঐ ১-০১ শতকের কাত ২/০ আঃ ১০৲ থং ৩৯ রায়ত স্থিতিবান।

৩৪৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৮৮৵৬ মৌজাদি ঐ ২-১৮ শতকের কাত ৩॥/০ আঃ ১৫৲ থং ১১৬ রায়ত স্থিতিবান।

৩৫০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৫৮৲৬ মৌজাদি ঐ ৪-২০ শতকের কাত ৮৮৶০ আঃ ৩০৲ থং ৪ অধীনস্থ থং ৫ রায়ত স্থিতিবান।

৩৫২ থাং ডিঃ ঐ দেং ভক্তিভূষণ দাস দিং দাবি ৫৬৮৩ মৌজাদি ঐ ২-৮৮ শতকের কাত ৮৶১০ আঃ ৩০৲ থং ৯ অধীনস্থ থং ১৩০ রায়ত স্থিতিবান।

৩৫১ থাং ডিঃ ঐ দেং মতি মণ্ডল দাবি ২৬৲৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে নিস্তা ৭৮॥০ শতকের কাত ৫/০ আঃ ১০৲ থং ১৩ রায়ত স্থিতিবান।

৩২০ থাং ডিঃ সেঃ শিবকিঙ্কর শর্ম্মা মহান্ত দেং সুরেন্দ্রনারায়ণ সিংহ দিং দাবি ২০৮৬ থানা স্থতী মৌঃ খাঁপুর ১-০৭ শঃ কাত ১৮৶০ আঃ ১০৲ থং ৪

৩২১ থাং ডিঃ ঐ দেং খোদাবক্স বিশ্বাস দাবি ১০০৮/৯ থানা স্থতী মৌজে পুড়াপাড়া ৫-১৭ শতকের কাত ১৮৮০ আঃ ৫০৲ থং ১৪২০

২৬৭ থাং ডিঃ অশ্বিনীকুমার সরকার দেং যদুনাথ সিংহ দাবি ১২।৶৩ থানা স্থতী মৌজে মাণিকপুর ৫৭ শতকের কাত ১৲৮ পাই আঃ ৫৲ থং ২০৫

২৬৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৮॥/৬ থানা স্থতী মৌজে ভাবকা ১৬ শতকের কাত ৷৵১০ আঃ ৫৲ থং ৫৯৪

৩৫৮ থাং ডিঃ আশুতোষ সিংহ দেং রামচন্দ্র কবিরাজ দাবি ৩৪৷৶৯ থানা সুতী মৌজে ইচলিপাড়া ৩১ শতকের কাত ৪৷৶৩ আঃ ১৫৲ খং ২১৩

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত নিলামের দিন ২৩শে নভেম্বর ১৯৫৩

### ১৯৫৩ সালের ডিক্রীজারী

১৯১ থাং ডিঃ সেবাইত বীরেন্দ্রনাথ মাহাতা দিং দেং কমলারঞ্জন চক্রবর্ত্তী দিং দাবি ১৭৸/০ থানা সাগরদীঘি মৌজে বড় গড়া ৯৫ শতকের কাত ৩৷/০ আঃ ৫৲ খং ৫৭৭

১৯৮ থাং ডিঃ ঐ দেং পঙ্কজকুমার মুখোপাধ্যায় ওরফে ভোলানাথ মুখোপাধ্যায় দাবি ১৭৸৵০ মৌজাদি ঐ ২-৬৪ শতকের কাত ৸/১২ আঃ ১৫৲ খং ৪৬৬

১৯৭ থাং ডিঃ ঐ দেং ব্রজগোপাল সেন দিং দাবি ২২৵৬ থানা ঐ মৌজে কুন্দরী ১-৫৩ শতকের কাত ।০ আনা আঃ ১০৲ খং ৭৭

১৯৯ থাং ডিঃ ঐ দেং তাবারক সেখ দাবি ১৬৷৵৯ মৌজাদি ঐ ২-০৯ শতকের কাত ২৷০ আঃ ১০৲ খং ১৭।১৮ পশ্চিম ও পূর্ব্ব পাহাড় ও পুকুর সমেত।

২০২ থাং ডিঃ ঐ দেং জগদীন্দ্রনাথ চৌধুরী দাবি ৪৩৷৶৯ মৌজাদি ঐ ৫-২২ শতকের কাত ২৵০ আঃ ২০৲ খং ২২

২০০ থাং ডিঃ ঐ দেং কালীদাসী দেবী দিং দাবি ২২৷৯ থানা সাগরদীঘি মৌজে জুগোর ৬ শতকের কাত ১৸০ আঃ ৫৲ খং ১৪৯

২০১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩২।৶০ মৌজাদি ঐ ৪-১৭ শতকের কাত ।১৭৸০ আঃ ১০৲ খং ৩৪৯ হইতে ৩৫৭

২০৫ থাং ডিঃ সেবাইত শ্যামসুন্দর মিশ্র দেং ইমানী দেওয়ান দাবি ৮৬৷৵৬ থানা সাগরদীঘি মৌজে জনদীঘি ৩-১৯ শতকের কাত ১৪৲১৪ আঃ ৬০৲ খং ৩৭২ রায়ত মোকররী।

১৬৪ থাং ডিঃ সেবাইত মহান্ত মদনমোহন দাস দেং ভোলানাথ মাল দিং দাবি ২৯৸৵৯ থানা সাগরদীঘি মৌজে ডোমাইপুর ৮১ শতকের কাত ৩৸৶৫ আঃ ২৫৲ খং ১১৩২ রায়ত মোকররী

৪০৫ থাং ডিঃ প্রিয়ম্বদা দেবী দিং দেং সুধীর কৃষ্ণ চট্টোপাধ্যায় দিং দাবি ১৯৩৸৵৯ থানা সাগরদীঘি মৌজে থৈরাটী ২১ শতকের কাত ৲১৬ আড়ি ধান্য আঃ ২৫৲ খং ৬৭০

১২৯ থাং ডিঃ শোভেন্দ্রনাথ মজুমদার দেং কোবাদ সেখ দিং দাবি ১৮৸৶৩ থানা ফরাক্কা মৌজে অনুপনগর কামাত আকুরা ১০ শতকের কাত ১।৶২৷০ আঃ ৫৲ খং ২০৭৬

৪০৩ থাং ডিঃ ধীরেন্দ্রনাথ রায় দিং দেং দেল রৌশন বিবি দিং দাবি ৩৪৸/০ থানা সাগরদীঘি মৌজে কালিকাপুর ৪৬ শতকের কাত ৫/৫ আঃ ১০৲ খং ১৬৫

৭৭ থাং ডিঃ শচীন্দ্রনাথ রায় দেং ভোলা সেখ দাবি ৩২৸/৯ থানা ফরাক্কা মৌজে মুস্কিনগর ৮২ শতকের কাত ৪৶১৪ আঃ ১০৲ খং ৪৩০

৭৯ থাং ডিঃ ঐ দেং দরেশ সেখ দিং দাবি ২৩৸৵৬ মৌজাদি ঐ ৮৩ শতকের কাত ২৷৵১৫ আঃ ৫৲ খং ১৪৪

১৯৪ থাং ডিঃ সুধীরেন্দ্রনাথ রায় দিং দেং মদন দত্ত দিং নাবালক পক্ষে অলি মাতা ও স্বয়ং কিরণবালা দাসী দাবি ৬২৸/০ থানা সাগরদীঘি মৌজে মাঠথাগড়া ২-১৯ শতকের কাত ৯৷৶১০ আঃ ২০৲ খং ৩৪৪

৫৯ থাং ডিঃ সুবোধকৃষ্ণ ঘোষ মৌলিক দিং দেং মোহর মোল্লা দিং দাবি ৫৯৸/০ থানা সাগরদীঘি মৌজে শীতলপাড়া ১-৭৬ শতকের কাত ৭৶০ আঃ ২৫৲

১৭১ থাং ডিঃ রজনীমণি দাসী দিং দেং জগন্নাথ দাস দাবি ৪৬৷৶৯ থানা সমসেরগঞ্জ মৌজে ধুসরিপাড়া ২৮৷০ শতকের কাত ৩৷৵০ আঃ ১০৲ খং ৩২৫

১৭২ থাং ডিঃ ভূপতিনাথ দাস দিং দেং লক্ষীনারায়ণ দাস দিং দাবি ৪২।/৩ থানা সমসেরগঞ্জ মৌজে ধুসরীপাড়া ৭ শতকের কাত ২।০ আঃ ৫৲ খং ৩৯৮

১৭৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪৫৸৵০ মৌজাদি ঐ ১৯ শতকের কাত ২৷৵০ আঃ ৫৲ খং ৩৯৬

১৭৪ থাং ডিঃ অশ্বিনীকুমার সরকার দিং দেং আবদুল মজিদ বিশ্বাস দিং দাবি ৭৪৸০ থানা সমসেরগঞ্জ মৌজে আলমসাহী ও বলবলপাড়া ২-২৯ শতকের কাত ৭৸৶৯ আঃ ১০৲ খং ৩৫ আলমসাহী খং ১৯ বলবলপাড়া

---

## আন্তর্জ্জাতিক ক্রীড়া পুরস্কার

এভারেষ্ট বিজয়ী সার এডমণ্ড হিলারী, তেনজিং নোর ও সার জন হান্টকে জেনোয়া সহরের প্রথম "আন্তর্জ্জাতিক ক্রীড়া পুরস্কার" প্রদান করা হইয়াছে।

---


## বাটী ও বাগান বিক্রয়

জঙ্গীপুর মিউনিসিপ্যালিটির মধ্যে কোর্ট হইতে অনতিদূরে একটী পাকা বাড়ী ও আম বাগান বিক্রয় হইবে। অনুসন্ধান করুন।

শ্রীসাকেতরঞ্জন ব্রহ্ম, রঘুনাথগঞ্জ।


---


## অপেরীণ




ডাক্তার বি. এন. রায় করেন আবিষ্কার,
ল্যান্সেটের খোঁচা খেতে হবে না কো আর।
বাগী, ফোড়া, পৃষ্ঠাঘাত আদি যত রোগে,
অপারেশন ক'রে লোক কি যন্ত্রণা ভোগে!
প্রথম অবস্থায় যদি করে ব্যবহার,
একেবারে বসে যাবে পাকিবে না আর
পরবর্ত্তী অবস্থাতে আপনি যাবে ফেটে;
কষ্ট পেতে হইবে না ছুরী দিয়ে কেটে।
দামও মোটে দেড় টাকা মাশুল তের আনা।
ফতেপুর, গার্ডেনরীচ ( কল্‌কাতা ) ঠিকানা।
ডাক্তার বি. এন. রায় এইখানে থাকে।
ঔষধ পাইতে হ'লে পত্র দেন তাঁকে।

# সংবাদ গীতিকা (বাউল)

(কান্ত কবির—হরি বল্‌রে মন আমার সুরে)



গাহি—দীন বাউলের সুরে
জবর জবর খবর যে সব রটছে
মুলুক জুড়ে।

বিমান যাত্রীর এক রমণী
অন্তঃসত্বা ছিল—
ছত্রিশ হাজার ফিট উঁচুতে
কন্যা প্রসবিল।

চারশত পঁয়ষট্টি মাইল
বেগে বিমান ছুটে—
সেই সময়ে গর্ভিনীটির
প্রসব বেদনা উঠে।

শুনে রাখুন কি নাম তাঁহার
কোথায় তিনি র'ন
মাদাম সাব্বার নামটি তাঁহার
নিবাস লেবানন।

---

ফেল হয় যখন কোনও ছাত্র
বিশ্ববিদ্যালয়ে—
চুপটি ক'রে মুখটি বুজে
থাকে ভয়ে ভয়ে।

বি, এস, সি, পরীক্ষা দিয়ে
তপেন্দ্রনাথ রায়—
পাশের খবর লিষ্টে দেখে
নামটি তাহার নাই।

মার্ক-সিট আনিয়ে দেখে
নিয়ম অনুসারে—
অবহেলে পাশ হবে সে
কে ঠেকাতে পারে।

চাল কিনিতে অমিল হ'লেও
বুদ্ধি কিনতে মিলে—
হাইকোর্টেতে তপেন্দ্রনাথ
মামলা জুড়ে দিলে।

বিচারপতি জাষ্টিস্ সিং
রায় দিয়েছেন লিখে—
ফেল বলা চলবে না এখন
বিচারপ্রার্থীটিকে।

পাশ বলে' ঘোষণা করতে
বিশ্ববিদ্যালয়—
এ হুকুমের পরও দেখি
আজও রাজি নয়।

আপীল দাখিল করিয়াছে
বিশ্ববিদ্যালয়—
দেখা যাবে আপীলের
বিচারে কি হয়।

---

লোকপ্রিয় শ্যামাপ্রসাদ
গেছেন উর্দ্ধলোকে—
ভাবছে সবে তাঁহার স্থানে
লোক সভায় কে ঢোকে।

"মধ্বাভাবে গুড়ং দদ্যাৎ"
উপায় নাই এ ছাড়া।
কংগ্রেসীরা যোগ্য যোধ
খোঁজেন পাড়া পাড়া।

লোভমুক্ত উপযুক্ত
কে আছে কংগ্রেসে,
ডাক্তার রাধাবিনোদ পালে
ধরেছে তাই শেষে।

অকং[illegible]

সবুর ক'রে[illegible]
নি[illegible]

---

দিতে ট্যাক্সো—দুশে[illegible]
গেরস্ত লো[illegible]
বিড়লা ব্রাদার্স পড়লো ট্যা[illegible]
ফাঁকির অভিযোগে
ফাঁকি দেওয়া সত্যি কিম্বা
ব্যাপার শুধু ফাঁকা,
এক টাকা নয়, দু টাকা নয়,
ষোল কোটি টাকা।
কমিশনের সম্মুখেতে
হচ্ছে এ শোনানি।
তদ্বির হচ্ছে সেরা সেরা
আইনজীবী আনি।

---

## আমাদের নিবেদন

জঙ্গিপুর মহকুমার মুন্সেফ মহোদয়ের ৭. ৯. ৫৩ তারিখের ৪০নং আদেশের নকল এবং ৭. ৯. ৫৩ তারিখের ৮০৬নং মেমো আমরা প্রাপ্ত হইয়াছি। তদনুসারে ডিক্রীদারগণের নিকট আমাদের নিবেদন—'জঙ্গিপুর সংবাদে' প্রকাশের জন্য নিলামের বিজ্ঞাপনের ছাপাখরচ লইবার উদ্দেশ্যে আমাদের প্রতিনিধি প্রত্যেক খোলা কাছারীর দিন বেলা ১ (এক) ঘটিকা হইতে ২ (দুই) ঘটিকা পর্য্যন্ত আদালত গৃহে উপস্থিত থাকিবে, এবং রসিদ দিয়া তাঁহাদের নিকট ছাপাখরচের টাকা গ্রহণ করিবে। ইতি—১৬. ৯. ৫৩

শ্রীবিনয়কুমার পণ্ডিত
"জঙ্গিপুর সংবাদে"র সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক।

---

### পশ্চিমবঙ্গ মোক্তার সম্মেলন

আগামী ডিসেম্বর মাসে উলুবেড়িয়ায় (হাওড়া) পশ্চিমবঙ্গ মোক্তার সম্মেলনের অধিবেশন হইবে।

কে. সেনের আর একটি

অনবদ্য সৃষ্টি

পুষ্পগন্ধে সুরভিত

ক্যাস্টর অয়েল

বিকশিত কুসুমের স্নিগ্ধ
গন্ধসারে সুবাসিত এই
পরিস্রুত ক্যাস্টর
অয়েল কেশের
সৌন্দর্য্য বর্ধনে
অনুপম।

স. কে. সেন অ্যাণ্ড কোং লিঃ

জবাকুসুম হাউস, কলিকাতা ১২



দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়



আমেরিকায় আবিষ্কৃত

ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

মরা মানুষ বাঁচাইবার উপায় ঃ—




আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ৵০ আনা।

সোল এজেণ্ট ঃ—ডাঃ ডি, ডি, হাজরা

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



বিশ্বস্ত প্রতিষ্ঠান

চা-সংসদে

রকমারী সুগন্ধি দার্জ্জিলিং চা এবং আসাম ও ডুয়ার্সের ভাল চা ন্যায্য মূল্যে পাবেন। আপনাদের সহানুভূতি ও শুভেচ্ছা কামনা করি।

চা-সংসদ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।